

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013
Part - III

বাংলা — সাম্যানিক
সপ্তম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক ।
 উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয় ।

- ১। যে কোনও দুটি প্রশ্নের উত্তর দিন : $2 \times 10 = 20$
- ক) রম্যরচনা কোন্ কোন্ শুগে রমণীয় হয়ে ওঠে ? রম্যরচনা ও লঘুরচনা কি একজাতের ? বাংলা সাহিত্যের একটি সফল রম্যরচনা সম্পর্কে আলোকপাত করুন। $3 + 3 + 8$
- খ) ব্যক্তিগত ডায়েরি কীভাবে বহজনের আস্থাদ্য হয়ে ওঠে ? একটি সাহিত্য-পদবাচ্য ডায়েরির বিষয় ও রীতি বিশ্লেষণ করুন। $8 + 6$
- গ) একালের সাহিত্য সমালোচনার যে কোনো দুটি পদ্ধতি দৃষ্টান্তসহ আলোচনা করুন। $5 + 5$
- ঘ) সংক্ষিপ্ত পরিচয় দিন (যে কোনও দুটি) : $5 + 5$
- অ) পত্রসাহিত্য
- আ) তুলনামূলক সমালোচনা পদ্ধতি
- ই) ভ্রমণ সাহিত্য।
- ২। ক) “আমি অনেক অনুসন্ধান করিয়া দেখিয়াছি, পরের জন্য আত্মবিসর্জন ভিন্ন পৃথিবীতে স্থায়ী সুখের অন্য কোন মূল নাই।” — উক্তিটি কোন্ প্রবন্ধের অঙ্গর্ত ? প্রবন্ধের মূল উপজীব্য বিষয়টির প্রতি আলোকপাত করে বক্তিমচন্দ্রের জীবনদর্শনের পরিচয় দিন। $1 + 7 + 7$

অধরা

- খ) বাংলা গদ্যধারায় ‘কমলাকাণ্ডের দপ্তর’ এক নতুন গদ্যরীতির প্রবর্তন করেছিল — এই মত কতদুর প্রহণযোগ্য বলে আপনি মনে করেন যুক্তিসহ দেখান। 15

- ৩। ক) “এই জন্মে স্বর্গের উপর আড়ি করে আমি আমার দরিদ্র মায়ের ঘর আরো বেশি ভালোবাসি ।” — ‘এই জন্মে’
বলতে লেখক কোন্ কারণটি বুঝিয়েছেন ? তাঁর সুগভীর মর্ত্যপ্রীতির মধ্যে প্রকৃতির মাতৃস্বরূপ কীভাবে অনুভূত
হয়েছে, পঠিত পত্রের সূত্রে আলোচনা করুন ।

৬ + ৯

অথবা

- খ) কোনো সমালোচক ‘ছিমপত্র’-কে বলেছেন ‘পদ্মাতীরের পত্রকাব্য’ । — আপনি এই অভিমত সমর্থন করেন কি
না, তা প্রাসঙ্গিক নির্দর্শনসহ বিচার করুন ।

১৫

- ৪। ক) “সব ছবিরই দুটো দিক থাকে” — এই দুটি দিক কী কী এবং তা পটুয়া শিল্পে কীভাবে আত্মপ্রকাশ করেছে ?
অন্যান্য দেশের প্রাগৈতিহাসিক শিল্পের সঙ্গে আমাদের পটুয়া শিল্পের প্রভেদ কোথায় লেখকের অনুসরণে
বুঝিয়ে দিন ।

৭ + ৮

অথবা

- খ) মাতৃভাষায় বিজ্ঞানচর্চা বিষয়ে সত্যেন্দ্রনাথ বসুর অভিমত কতদূর যুক্তিসংজ্ঞত সে বিষয়ে নিজের অভিমত
জানান ।

১৫

- ৫। ক) “ঈশ্বর ওপুঁ বাংলার কবি” — এই বক্তব্যটি বক্ষিমচন্দ্র কোন্ অর্থে প্রয়োগ করেছিলেন ? বিশুণ্ডে তাঁর প্রবক্ষে
বক্তব্যটিকে কীভাবে ব্যাখ্যা করেছেন বুঝিয়ে দিন ।

৫ + ১০

অথবা

- খ) “রূপকথার বিরুদ্ধে প্রাণ্পুরিক্ষাদের প্রধান অভিযোগ — ইহার অলীকতা এবং অবাস্তুবতা ।” — অলীকতা ও
অবাস্তুবতা শব্দদুটিকে রূপকথা প্রসঙ্গে ব্যাখ্যা করুন । এ বিষয়ে লেখকের মতামতের প্রহণযোগ্যতা সম্বন্ধে
আপনার অভিমত ব্যক্ত করুন ।

৮ + ৭

- ৬। নিম্নলিখিত যে-কোনও একটি বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করুন : $1 \times 20 = 20$

- ক) প্রাগাধুনিক বাংলা সাহিত্যে সমাজচিত্র
খ) বাংলা মঙ্গলকাব্যে পৌরাণিক ও লোকিক চেতনা
গ) উনবিংশ শতাব্দীর বাংলা কাব্য-কবিতায় ক্লাসিক আদর্শ
ঘ) বাংলা প্রহসনের গতিপ্রকৃতি
ঙ) রবীন্দ্র উপন্যাসে নারী চরিত্র
চ) বাংলা প্রবন্ধ সাহিত্যে বৈজ্ঞানিক চেতনা ।
-